

put up  
pre-  
board  
meeting

## বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চমূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী  
পল্লী ভবন  
০৫, কাওরান বাজার, ঢাকা- ১২১৫।

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৮১.১৪.০১৪.১৯.০৮

তারিখ: ১৭ সেপ্টেম্বর, ২০১৯খ্রিঃ।

বিষয়: দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চমূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী শীর্ষক প্রকল্প এর কার্যক্রম সফল বাস্তবায়নে কার্যকর উদ্যোগ গ্রহণ।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উন্নত আয়ের দেশে উন্নীতকরণ, টেকসই উন্নয়নে অভীষ্ট (SDG) অর্জন এবং রূপকল্প- ২০২১ বাস্তবায়নের লক্ষ্যে বর্তমান সরকার বিভিন্ন মন্ত্রণালয়ের মাধ্যমে ব্যাপক উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন করছে। উন্নয়ন কার্যক্রমের এ ধারাবাহিকতায় বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের আওতায় “দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চমূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী” শীর্ষক প্রকল্প ০১ জানুয়ারি, ২০১৯ খ্রিঃ থেকে ৩১ ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ পর্যন্ত মেয়াদে সারাদেশের ৮ বিভাগে ৬৪টি জেলার ২৫৬টি উপজেলায় (কর্ম এলাকার তালিকা সংযুক্ত) বাস্তবায়নের লক্ষ্যে গত ২২/০২/২০১৯ খ্রিঃ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়েছে।

বাংলাদেশ কৃষি প্রধান দেশ। এ দেশে উৎপাদিত খাদ্য শস্যকে পরিমাণগত উৎপাদন ও খাদ্য গ্রহণের ভিত্তিতে প্রধান শস্য ও অপ্রধান শস্য এই দুই ভাগে ভাগ করা হয়। প্রকল্পটির মূল উদ্দেশ্য হলো প্রকল্প এলাকায় অপ্রধান শস্য যেমন: ডাল, তেল, মসলা জাতীয় শস্য উৎপাদনের প্রসার ঘটানো ও পল্লীর দরিদ্র জনগোষ্ঠীর জীবনযাত্রার মানোন্নয়ন এবং অপ্রধান শস্যের আমদানি নির্ভরতা হ্রাসকরণ।

“দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চমূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী” শীর্ষক প্রকল্প প্রকল্পটি বিগত ০১ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিঃ তারিখ হতে বাস্তবায়ন শুরু হয়েছে। প্রকল্পটি সঠিকভাবে বাস্তবায়ন করা সম্ভব হলে ক্ষুদ্র, প্রান্তিক ও বর্গাচাষী কৃষকেরা অপ্রধান শস্য চাষে উদ্বুদ্ধ হবে এবং তাদের নিজস্ব মূলধন সৃষ্টি ও তার যথাযথ ব্যবহার নিশ্চিত হবে। ফলে দেশের মানব সম্পদ উন্নয়ন, অপ্রধান শস্য আমদানি নির্ভরতা কমানো, আর্থ-সামাজিক উন্নয়ন ও দারিদ্র্য হ্রাস পাবে মর্মে আমার দৃঢ় বিশ্বাস। আপনি বিআরডিবি'র উপপরিচালক/ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা হিসেবে এই প্রকল্পের জেলা/ উপজেলা পর্যায়ের তদারকি ও সমন্বয় কমিটির সদস্য সচিব। আপনার উদ্যোগে এ কমিটি প্রকল্প বাস্তবায়নের কৌশলগত দিক নির্দেশনা, অগ্রগতি পর্যালোচনা, সমস্যা চিহ্নিতকরণ ও স্থানীয় পর্যায়ে সমাধানের পন্থা নিরূপণ এবং প্রয়োজনীয় ক্ষেত্রে উর্ধ্বতন কমিটি ও কর্তৃপক্ষের সাথে যোগাযোগ রক্ষা করবেন। দারিদ্র্য দূরীকরণ এবং অবহেলিত মানুষের জীবনমান উন্নয়নে আপনার বস্তুনিষ্ঠ তদারকি ও কার্যকর ভূমিকায় এ প্রকল্পের সফল বাস্তবায়ন এবং প্রকল্পটিকে প্রাতিষ্ঠানিকীকরণ সম্ভবপর হবে।

বর্ণিতাবস্থায়, দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চমূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী শীর্ষক প্রকল্প এর কার্যক্রম মাঠ পর্যায়ে সফলভাবে বাস্তবায়নে প্রকল্পে যাবতীয় নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে-২ পৃষ্ঠা।



মোঃ গিয়াস উদ্দিন আহমেদ  
মহাপরিচালক  
ফোন: ৮১৮০০০২

প্রাপক,

১। উপপরিচালক (সকল), বিআরডিবি, জেলা .....

২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (সংশ্লিষ্ট) বিআরডিবি, .....

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৮১.১৪.০১৪.১৯.


তারিখ: ১৭ সেপ্টেম্বর, ২০১৯খ্রিঃ।

অনুলিপি: (সদয় অবগতির জন্য/ কার্যার্থে)

১। পরিচালক (প্রশাসন/ অর্থ/সরেজমিন/প্রশিক্ষণ/পরিকল্পনা), বিআরডিবি, ঢাকা।

২। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

৩। অফিস কপি।




মোঃ তাফজেল হোসেন  
প্রকল্প পরিচালক  
ফোন-০২৮১৮০০৪৬

প্রকল্পভুক্ত জেলা ও উপজেলা সমূহ

ক্র. নং	বিভাগ	জেলা	উপজেলা
১.	ঢাকা	ঢাকা (৩)	নবাবগঞ্জ, ধামরাই, দোহার
২.		গোপালগঞ্জ (৫)	গোপালগঞ্জ সদর, কোটালীপাড়া, টুঙ্গীপাড়া, কাশিয়ানী, মোকসেদপুর
৩.		গাজিপুর (৩)	কাপাসিয়া, শ্রীপুর, কালীগঞ্জ
৪.		ফরিদপুর (৫)	ফরিদপুর সদর, নগরকান্দা, মধুখালী, ভাঙ্গা, বোয়ালমারী
৫.		টাঙ্গাইল (৬)	মধুপুর, ধনবাড়ী, গোপালপুর, ডুয়াপুর, কালীহাতি, নাগরপুর
৬.		কিশোরগঞ্জ (৬)	কিশোরগঞ্জ সদর, পাকুন্দিয়া, ভৈরব, হোসেনপুর, কটিয়াদি, করিমগঞ্জ
৭.		মাদারিপুর (৪)	মাদারিপুর সদর, শিবচর, কালকিনি, রাইজের
৮.		মানিকগঞ্জ (৪)	দৌলতপুর, সাটুরিয়া, হরিরামপুর, ঘিওর
৯.		মুন্সিগঞ্জ (৪)	মুন্সিগঞ্জ সদর, সিরাজদীখান, টঙ্গীবাড়ি, গজারিয়া
১০.		রাজবাড়ী (৩)	রাজবাড়ী সদর, বালিয়াকান্দী, গোয়ালন্দ
১১.		নরসিংদি (৪)	শিবপুর, বেলাবো, পলাশ, মনোহরদি
১২.		শরিয়তপুর (২)	জাজিরা, নড়িয়া
১৩.		নারায়নগঞ্জ (২)	আড়াইহাজার, রুপগঞ্জ
১৪.		ময়মনসিংহ	ময়মনসিংহ (৬)
১৫.	নেত্রকোনা (৪)		নেত্রকোনা সদর, আটপাড়া, কেন্দুয়া, পূর্বধোলা
১৬.	জামালপুর (৫)		জামালপুর সদর, ইসলামপুর, মেলান্দহ, মাদারগঞ্জ, সরিষাবাড়ী
১৭.	শেরপুর (৫)		শেরপুর সদর, নকলা, শ্রীবর্দী, নালিতাবাড়ী, ঝিনাইগাতী
১৮.	বরিশাল	বরিশাল (৪)	বাবুগঞ্জ, গৌরনদী, আগৈলঝাড়া, বাকেরগঞ্জ
১৯.		ভোলা (৩)	ভোলা সদর, লালমোহন, বোরহানুদ্দীন
২০.		বরগুনা (২)	বরগুনা সদর, বামনা
২১.		পটুয়াখালী (২)	বাউফল, দশমিনা
২২.		পিরোজপুর (৩)	পিরোজপুর সদর, ভান্ডারিয়া, মঠবাড়িয়া
২৩.		ঝালকাঠি (২)	ঝালকাঠি সদর, রাজাপুর
২৪.	চট্টগ্রাম	চট্টগ্রাম (৫)	হাটহাজারী, চন্দনাইশ, রাঙ্গুণীয়া, সাতকানিয়া, বোয়ালখালি
২৫.		কুমিল্লা (৬)	সদর দক্ষিণ, বরুড়া, লাকসাম, চান্দিনা, দেবিদ্বার, তিতাস
২৬.		চাঁদপুর (২)	চাঁদপুর সদর, শাহরাস্তি
২৭.		ব্রাহ্মণবাড়ীয়া (৩)	নবীনগর, বাঞ্ছারামপুর, কসবা
২৮.		লক্ষ্মীপুর (২)	রায়পুর, কমলনগর
২৯.		ফেনী (৩)	ফেনী সদর, ছাগলনাইয়া, পরশুরাম
৩০.		নোয়াখালী (৩)	নোয়াখালী সদর, কোম্পানীগঞ্জ, কবিরহাট
৩১.		রাঙ্গামাটি (৩)	রাঙ্গামাটি সদর, কাপ্তাই, কাউখালী
৩২.		খাগড়াছড়ি (৩)	মানিকছড়ি, মহালছড়ি, রামগড়
৩৩.		বান্দরবান (৩)	বান্দরবান সদর, রোমা, রোয়াংছড়ি
৩৪.	কক্সবাজার (৩)	চকরিয়া, রামু, কুতুবদিয়া	
৩৫.	খুলনা	খুলনা (৩)	ফুলতলা, ডুমুরিয়া, রূপসা
৩৬.		বাগেরহাট (৩)	ফকিরহাট, মোল্লাহাট, চিতলমারী
৩৭.		চুয়াডাঙ্গা (৪)	চুয়াডাঙ্গা সদর, আলমডাঙ্গা, দামুরহদা, জীবননগর
৩৮.		কুষ্টিয়া (৫)	কুষ্টিয়া সদর, দৌলতপুর, খোকসা, কুমারখালী, ভেড়ামারা
৩৯.		যশোর (৮)	সদর, অভয়নগর, চৌগাছা, ঝিকরগাছা, শার্শা, মনিরামপুর, বাঘারপাড়া, কেশবপুর



ক্র. নং	বিভাগ	জেলা	উপজেলা
৪০.		ঝিনাইদহ (৬)	ঝিনাইদহ সদর, কোটচাঁদপুর, কালীগঞ্জ, হরিনাকুন্ডু, মহেশপুর, শৈলকুপা
৪১.		নড়াইল (৩)	নড়াইল সদর, কালিয়া, লোহাগড়া
৪২.		মাগুরা (৪)	মাগুরা সদর, মোহাম্মদপুর, শালিখা, শ্রীপুর
৪৩.		মেহেরপুর (৩)	মেহেরপুর সদর, গাংনী, মুজিবনগর
৪৪.		সাতক্ষীরা (৩)	সাতক্ষীরা সদর, তালা, কালীগঞ্জ
৪৫.	রাজশাহী	রাজশাহী (৯)	মোহনপুর, পবা, বাগমারা, তানোর, বাঘা, চারঘাট, পুঠিয়া, দুর্গাপুর, গোদাগাড়ী
৪৬.		চাঁপাইনবাবগঞ্জ (৩)	সদর, শিবগঞ্জ, নাচোল
৪৭.		জয়পুরহাট (৩)	সদর, কালাই, পাঁচবিবি
৪৮.		নওগাঁ (৪)	সদর, মান্দা, মহাদেবপুর, পল্লীতলা
৪৯.		নাটোর (৫)	সদর, বড়াইগ্রাম, গুরুদাসপুর, লালপুর, সিংড়া
৫০.		পাবনা (৭)	আটঘরিয়া, ভাঙ্গুড়া, চাটমোহর, সাঁথিয়া, ঈশ্বরদী, ফরিদপুর, সুজানগর
৫১.		সিরাজগঞ্জ (৬)	উল্লাপাড়া, শাহজাদপুর, কামারখন্দ, রায়গঞ্জ, তাড়াশ, বেলকুচি
৫২.		বগুড়া (৯)	দুপচাঁচিয়া, ধুনট, গাবতলী, সারিয়াকান্দি, শেরপুর, শিবগঞ্জ, শাজাহানপুর, নন্দীগ্রাম, কাহালু
৫৩.		রংপুর (৭)	পীরগঞ্জ, গঞ্জাচড়া, পীরগাছা, বদরগঞ্জ, কাউনিয়া, মিঠাপুকুর, তারাগঞ্জ
৫৪.		দিনাজপুর (৬)	বীরগঞ্জ, ফুলবাড়ী, খানসামা, চিরিরবন্দর, পার্বতীপুর, বৌচাগঞ্জ
৫৫.	রংপুর	গাইবান্ধা (৩)	পলাশবাড়ী, সাদুল্ল্যাপুর, সুন্দরগঞ্জ
৫৬.		কুড়িগ্রাম (৪)	সদর, নাগেশ্বরী, রাজারহাট, উলিপুর
৫৭.		লালমনিরহাট (৪)	সদর, হাতিবান্ধা, আদিতমারি, কালীগঞ্জ
৫৮.		নীলফামারী (৪)	ডিমলা, ডোমার, জলঢাকা, সৈয়দপুর
৫৯.		ঠাকুরগাঁও (৩)	সদর, রানী শংকৈল, বালিয়াডাঙ্গী
৬০.		পঞ্চগড় (৩)	পঞ্চগড় সদর, দেবীগঞ্জ, বোদা
৬১.		সিলেট	সিলেট (৪)
৬২.	মৌলভীবাজার (৩)		কুলাউড়া, কমলগঞ্জ, শ্রীমঙ্গল
৬৩.	হবিগঞ্জ (২)		মাধবপুর, চুনারুঘাট
৬৪.	সুনামগঞ্জ (২)		ছাতক, দোয়ারাবাজার

  
 ৩৭/৯/১৯  
**মোঃ আব্দুল হোসেন**  
 প্রকল্প পরিচালক  
 দারিদ্র্য নিবেদনের লক্ষে দুটি সমৃদ্ধ টাচ মেশার  
 জরদখান শিল্প উৎপাদন ও বজায় রাখা কর্মসূচী  
 বিহারভিবি, ঢাকা।